



ফোন নং : (০৩৮১) ২৩২ ৩৩৫৫
২৩২ ২৯১২

ত্রিপুরা মহিলা কমিশন

মেলারমাঠ □ আগরতলা - ৭৯৯ ০০১ □ পশ্চিম ত্রিপুরা।

রেফ নং :

তারিখ :

No.F.7(1)/SWC/PC/Rape/Sl.389/14/5292-301 dt 16/10/14

প্রেস রিলিজ

গন ধর্ষনের শিকার দুই নাবালিকা - ঘটনার তদন্তে মহিলা কমিশন,
অপরাধীদের কঠোর শাস্তির দাবি কমিশনের

গত ১০ই অক্টোবরের স্থানীয় পত্রিকায় প্রকাশিত খবরের ভিত্তিতে গত ১৪ই অক্টোবর কমিশনের ভাইস চেয়ারপার্সনের নেতৃত্বে দুই সদস্যক প্রতিনিধিদল কিল্লা থানাধীন পূর্ব কুপিলং গ্রামে ধর্ষিতা নাবালিকার বাড়ী যান ঘটনার তদন্তে। প্রথমে প্রতিনিধিদলটি কিল্লা থানায় গিয়ে ভারপ্রাপ্ত পুলিশ অফিসারের সাথে কথা বলেন। কথা বলে জানা যায় অপরাধীদের মধ্যে একজন গুপ্তার হয়েছে, বাকিরা পলাতক, পুলিশ তাদের খুঁজছে। ঘটনার বিবরণে নাবালিকাটি (১৪) জানায় গত ৩রা অক্টোবর সে তার বাম্ববীর সাথে ৫টায় কুপিলং বাজারে দুর্গাপূজা দেখতে যায়। সেখানে গিয়ে আরেক বাম্ববীকে পেয়ে তিন জনে মিলে পূজা দেখে রাত নয়টা নাগাদ বাড়ীর পথে রওয়ানা দেয়। রাত হয়ে যাওয়ায় ওরা তাদের স্কুলের সিনিয়ার তিন ছাত্রকে বলে ওদের এগিয়ে দিতে। কিছুটা আসার পর ছয় জন দুর্বৃত্ত পথ আটকায় ও ওদের তিন সাথীকে পচন্দ মারধোর করে। মার খেয়ে দুজন পালিয়ে গেলেও অন্য একজন আটকে পড়ে। একে দুর্বৃত্তরা মারধোর করে মাটিতে ফেলে রাখে। মার ধোরের মাঝখানে একটি মেয়ে পালিয়ে যেতে সক্ষম হয়। তখন দুর্বৃত্তরা দুটি মেয়েকে টেনে রাবার বাগানে নিয়ে গিয়ে গায়ের জামা কাপড় খুলে পালা করে দুজনকেই গনধর্ষন করে। ওদের যে সাথীরা পালিয়ে যেতে সক্ষম হয়েছিল ওরা অন্য লোকজন নিয়ে রাবার বাগানের দিকে আসছে টের পেয়ে দুর্বৃত্তরা ওদেরকে ছেড়ে দেয়। পরে ওরা বাড়ী ফেরার পথে ভয়ে জনৈক ক্ষুদিরাম জমাতিয়ার বাড়ী ঢুকে পড়ে। ওখানে এক ঘন্টারও বেশী সময় অবস্থান করে কারন ওরা দেখতে পায় ধর্ষনকারীদের একজন ঐ বাড়ীর সামনে অপেক্ষা করছিল। পরে বাড়ী ফিরে এসে কিছুই জানায় নি কারন ধর্ষনকারীরা ওদের হুমকি দিয়েছিল মুখ খুললে ওদেরকে মেরে ফেলবে। কয়েকদিন পর বাড়ীতে জানালে কিল্লা থানায় অভিযোগ দায়ের করা হয়।

অপর নাবালিকাটি ঐ একই রকম বিবৃতি দেয়। শুধু পার্থক্য একটি মেয়ে ধর্ষনকারী সকলকেই চিনতে পেরেছে অপর মেয়েটি কাউকে চেনেনা কারন সে অন্য একটি গ্রামের (জালেমা) বাসিন্দা। দুর্গাপূজা উপলক্ষে বাম্ববীর বাড়ী কিল্লাতে বেড়াতে এসেছিল।

নাবালিকারা উভয়েই ধর্ষনকারীদের কঠোর শাস্তি চায়। দুজনেরই ডাক্তারী পরীক্ষা হয়েছে। ১৬ই সেপ্টেম্বরে ম্যাজিস্ট্রেট পর্যায়ে ওদের বয়ান লিপিবদ্ধ হবে।

মহিলা কমিশনও গনধর্ষনের মত বর্বরোচিত কাণ্ডের বিরুদ্ধে তীব্র ধিক্কার জানাচ্ছে এবং দোষীদের কঠোর শাস্তি দাবি করছে।

16/10/2014
Member Secretary
Tripura Commission for Women

